



বাংলাদেশ রুরাল বিদ্যুতায়ন বোর্ড
Bangladesh Rural Electrification Board

ISO 9001: 2008
ISO 14001: 2004
OHSAS 18001: 2007 CERTIFIED

স্মারক নং- ২৭.১২.০০০০.০১৬.৪৭.০৪২.২৪. ২১৬

এমপিএসএস পরিদপ্তর
সদর দপ্তর ভবন, ঢাকা-১২২৯
ফোন : + ৮৮ ০২ ৮৯০০৩২০
e-mail: mpssreb@yahoo.com

তারিখ : ০৩ ডায়, ১৪৩০ বঙ্গাব্দ।
১৮ আগষ্ট, ২০২৪ খ্রিস্টাব্দ।

সাকুলার

“গ্রাহক সেবা নিশ্চিতকরণের লক্ষ্যে গ্রাহক কর্তৃক নিজস্ব অর্থায়নে পরবর্তী নির্দেশনা জারী না হওয়া পর্যন্ত খোলা বাজার হতে নিম্নোক্ত বিষয়াদী অনুসরণপূর্বক স্বনামধন্য ক্যাবল প্রস্তুতকারী প্রতিষ্ঠান এর স্থানীয় বিক্রয় কেন্দ্র থেকে সার্ভিস ড্রপ ক্রয় করতঃ গ্রাহক সংযোগ প্রদান করতে হবেঃ


ক) বাপবিবোতে ব্যবহৃত সার্ভিস ড্রপ (ডি-১১) এর প্রতি কিঃমিঃ রেজিস্টেন্স ২.১৫ ওহম (২০ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রায়)। গ্রাহক কর্তৃক ক্রয় কৃত সার্ভিস ড্রপের প্রতি কিঃমিঃ রেজিস্টেন্স অবশ্যই ২.১৫ ওহম (২০ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রায়) বা এর কম হতে হবে। সে লক্ষ্যে ন্যূনতম 10 mm এর Copper duplex service drop cable অথবা কমপক্ষে 16 mm এর Aluminum duplex service drop cable হতে হবে। উক্ত ক্যাবলের সাইজ এবং রেজিস্টেন্স ক্যাটালগ দ্বারা নিশ্চিত হয়ে সংযোগ প্রদান করতে হবে। উল্লেখ্য, প্রস্তাবিত কন্ডাক্টরের রেজিস্টেন্স ডি-১১ এর চেয়ে কম থাকায় সিস্টেম লস এর উপর কোন প্রভাব পড়বে না।

খ) গ্রাহক কর্তৃক ক্রয়কৃত সার্ভিস ড্রপ ক্যাবলের ইন্সুলেশন নিশ্চিত করণের লক্ষ্যে ভোল্টেজ লেভেল U_0/U : ৬০০/১০০০ V হতে হবে যা ক্যাবলের ক্যাটালগ/ ক্যাবলের গায়ের মার্কিং দ্বারা সুনিশ্চিত করতে হবে।

গ) গ্রাহক কর্তৃক সার্ভিস ড্রপ ক্রয় করা হলে ক্রয়কৃত সার্ভিস ড্রপ ক্যাবলের মূল্য গ্রাহকের বিলের সাথে সমন্বয় করতে হবে। উল্লেখ্য যে, বাপবিবোতে ব্যবহৃত সার্ভিস ড্রপ (ডি-১১) এর মূল্য প্রতি মিটার ৪০.০৮৫ টাকা। গ্রাহক কর্তৃক ক্রয়কৃত সার্ভিস ড্রপের মূল্য এবং বাপবিবোতে ব্যবহৃত সার্ভিস ড্রপ (ডি-১১) এর মূল্য (প্রতি মিটার ৪০.০৮৫ টাকা) এর মধ্যে যা কম হবে তা বিবেচনা করে পর্যায়ক্রমে গ্রাহকের বিলের সাথে সমন্বয় করতে হবে।


ঘ) পাশাপাশি বাপবিবোর কেন্দ্রীয় পণ্যাগারে সার্ভিস ড্রপ প্রাপ্তি সাপেক্ষে পর্যায়ক্রমে পবিসের চাহিদার ভিত্তিতে বরাদ্দ চলমান থাকবে। পবিসের স্টোরে সার্ভিস ড্রপ (ডি-১১) মজুদ না থাকলেই কেবলমাত্র গ্রাহক দ্বারা খোলা বাজার হতে সার্ভিস ড্রপ ক্রয় করানো যেতে পারে। পবিসের স্টোরে ডি-১১ মজুদ থাকলে তা গ্রাহক সংযোগের ক্ষেত্রে ব্যবহার করতে হবে।”

চেয়ারম্যান মহোদয়ের অনুমতিক্রমে।


(অসিত কুমার ভৌমিক)
পরিচালক

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সদস্য (প্রশাসন/অর্থ/পিএন্ডডি/ডিএন্ডও/সমিতি ব্যবস্থাপনা), বাপবিবো, ঢাকা।
- ২। প্রধান প্রকৌশলী (পওপ/প্রকল্প)/নির্বাহী পরিচালক/নিয়ন্ত্রক (অর্থ ও হিসাব), বাপবিবো, ঢাকা।
- ৩। অতিঃপ্রধান প্রকৌশলী (ওএমএন্ডডি/পিএন্ডডি), বাপবিবো, ঢাকা।
- ৪। পরিচালক, এসইএন্ডডি/আইটি/ সিস্টেম অপারেশন/ পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা (সকল অঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা
- ৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সকল জোন/ সিস্টেম প্রোটেকশন, বাপবিবো।
- ৬। একান্ত সচিব চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।
- ৭। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো.....।
- ৮। সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার.....১/২/৩/৪।


(মোঃ রফিকুল ইসলাম)
উপ-পরিচালক